

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি বিশ্ববিদ্যালয়-২ শাখা

shed.gov.bd

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৭.৯৯.০০৩৩.২৫.৫২

বিষয়: প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম-এর ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য অডিট ফর্ম নিয়োগ সংক্রান্ত।  
সূত্র: পিইউসি/রেজিঃ/এ-২০/০২/১৭৯/২৩২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এর ৪৫ ধারা অনুযায়ী সরকার প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম-এর ২০২৪-২০২৫ অর্থবছরের হিসাব নিরীক্ষার জন্য নিম্নবর্ণিত কার্যপরিধি প্রতিপালন সাপেক্ষে খান ওয়াহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস, ফারুক চেম্বার (৯ম তলা), ১৪০৩, শেখ মুজিব রোড, আগ্রাবাদ কমার্শিয়াল এরিয়া, চট্টগ্রাম-৪১০০-কে অডিট ফর্ম হিসেবে নিয়োগের অনুমোদন প্রদান করেছে:

**কার্যপরিধি :**

- (১) বিশ্ববিদ্যালয়ের আয়-ব্যয় সংক্রান্ত সকল কার্যাদি ব্যাংকের মাধ্যমে পরিচালিত হয় কি-না তা পরীক্ষা করা;
- (২) ব্যয়ের ভাউচারসমূহ যাচাই করে বর্ণিত ব্যয় যথাযথভাবে হয়েছে কিনা তা Investigate করা;
- (৩) সকল আয়-ব্যয় নির্দিষ্ট খাত হতে করা হয় কি-না, না হয়ে থাকলে কবে নাগাদ তা চালু করা হবে তা নির্ধারণ করা;
- (৪) বিবিধ ব্যয় দেখিয়ে ব্যয়ের খাত গোপন করা হয় কি-না তা পরীক্ষা করা;
- (৫) বিশ্ববিদ্যালয়ে আর্থিক লেনদেনের জন্য যথাযথভাবে লেজার সংরক্ষণ করা হয় কি-না, না হয়ে থাকলে কতদিনের মধ্যে বাস্তবায়ন করা হবে তা নির্দিষ্ট করা;
- (৬) শিক্ষার্থীদের কাছ থেকে ব্যাংকের মাধ্যমে অর্থ গ্রহণ না করে নগদে অর্থ গ্রহণ করা হলে গৃহীত অর্থ হিসাবের খাতায় লিপিবদ্ধকরে যথাসম্ভব দ্রুত ব্যাংকে জমা করা হয় কি-না, এবং ছাঁপানো রশিদ বইয়ের যথাযথ হিসাব সংরক্ষণ করা হয় কি-না তা নিশ্চিত করা;
- (৭) বিশ্ববিদ্যালয়ের স্থায়ী সম্পদ ভূমি, ইমারত, ব্যাংকের স্থায়ী আমানত, মূল্যবান যন্ত্রপাতি, যানবাহন বিশ্ববিদ্যালয়ের নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয় কি-না, না হয়ে থাকলে কার নামে ক্রয় ও রেজিস্ট্রেশন করা হয়েছে তা বর্ণনা করা;
- (৮) ব্যাংকের হিসাব/হিসাবসমূহ কোন কোন ব্যক্তি পরিচালনা করেন তা বর্ণনা করা;
- (৯) বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগকৃত তহবিল হতে উৎসারিত আয় বিশ্ববিদ্যালয় তহবিলে জমা হয় কি-না;
- (১০) হিসাব বিবরণীতে অন্যান্য আয়-ব্যয় দেখানো হলে তার বিস্তারিত বিবরণ দেয়া;
- (১১) বিশ্ববিদ্যালয়ের Performance সম্পর্কে মন্তব্য করা, পূর্বের কোন মন্তব্য থাকলে তার বাস্তবায়ন হয়েছে কি-না তা দেখা;
- (১২) VAT, IT আর্থিক বিধি মারফি কর্তন করা হয়েছে কি-না তা নিশ্চিত করা;
- (১৩) স্থায়ী আমানত Reserve Fund এর বিপরীতে কোন ঋণ নেয়া হয়েছে কি-না, হয়ে থাকলে বিশ্ববিদ্যালয়ের নামে না কোন ব্যক্তি বিশেষের নামে নেয়া হয়েছে তা বের করা;
- (১৪) এছাড়াও বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ এর ৪৫(১) ধারা অনুযায়ী প্রত্যেক আর্থিক বৎসরের আয়-ব্যয়ের হিসাব বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত ফরমে প্রস্তুত ও সংরক্ষণ করা হয় কি-না তা যাচাই করা।

২.০ বর্ণিতাবস্থায়, বিশ্ববিদ্যালয়টির ২০২৪-২০২৫ অর্থবছরের নিরীক্ষা কার্যক্রম উপর্যুক্ত কার্যপরিধির আলোকে আবশ্যিকভাবে সম্পাদন করতঃ প্রচলিত অন্যান্য অডিট কার্যক্রম নিষ্পন্ন করে যথাসময়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনে নিরীক্ষা প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১০-১২-২০২৫

মোঃ শাহ আলম সিরাজ

সহকারী সচিব

৯৫৪৯১৭৬

private.univ2@shed.gov.bd

ভাইস-চ্যান্সেলর

প্রিমিয়ার ইউনিভার্সিটি, চট্টগ্রাম, ৫৪১, ও. আর. নাজিম রোড. ডি.ই.সি. সার্কেল, চট্টগ্রাম।।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০০০.০৭৭.৯৯.০০৩৩.২৫.৫২/১ (৮)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
- ২। অতিরিক্ত সচিব, বিশ্ববিদ্যালয় অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩। উপসচিব, বিশ্ববিদ্যালয়-১ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৪। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৫। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৭। খান ওয়াহাব শফিক রহমান এন্ড কোং, চার্টার্ড একাউন্টেন্টস, ফারুক চেষ্টার (৯ম তলা), ১৪০৩, শেখ মুজিব রোড, আগ্রাবাদ কমার্শিয়াল এরিয়া, চট্টগ্রাম-৪১০০।
- ৮। অফিস কপি/গার্ড ফাইল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।



১০-১২-২০২৫

মোঃ শাহ আলম সিরাজ

সহকারী সচিব